

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো যিশু খ্রিষ্টের জন্মদিন পালন



২৮ নভেম্বর-২০১৯, বৃহস্পতিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অধ্যায়নরত খ্রিষ্টান শিক্ষার্থীবৃন্দের উদ্যোগে প্রভু যিশু খ্রিষ্টের জন্মদিন পালন উপলক্ষে প্রাক-বড়দিন আলোচনা সভা উপাচার্য মহোদয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, আইন অনুষদের ডিন খ্রীষ্টিন রিচার্ডসন্ ও জনসংযোগ তথ্য ও প্রকাশনা দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মিল্টন বিশ্বাস। বক্তরা যিশু খ্রিষ্টের জীবন আদর্শের বিভিন্ন দিক তুলে ধরেন।

এছাড়াও বক্তব্য প্রদান করেন লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন ও নাট্যকলা বিভাগের প্রভাষক ক্যাথরিন পিউরীফিকেশন। এসময় প্রক্টর ড. মোস্তফা কামাল ও অর্থ ও হিসাব দপ্তরের পরিচালক কাজী মোঃ নাসির উদ্দীন, বিভিন্ন বিভাগের চার জন খ্রিষ্টান শিক্ষক ও অধ্যায়নরত ৩৫ জন খ্রিষ্টান শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে বড় দিন উপলক্ষে কেক কাটা হয়।